

## West Bengal Legislative Assembly

(১৩তম অধিবেশন)

২৭শে জুন ২০১৯

-----

[অনগ্রসর শ্রেণী কল্যাণ - মতস্য - খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প এবং উদ্যানপালন - Forests - জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা - উত্তরবঙ্গ উন্নয়ন - কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ এবং দক্ষতা উন্নয়ন - পর্যটন - আদিবাসী উন্নয়ন বিজ্ঞান ও প্রযুক্তি এবং জৈব প্রযুক্তি ].

- 14

-----

আদিবাসী সম্প্রদায়ের উন্নয়নের জন্য কর্মসূচি গ্রহণ

\*38 অসিত মিত্র (আমতা, হাওড়া):

জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা :-

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার আদিবাসী সম্প্রদায়ের উন্নয়নের জন্য বেশ কিছু কর্মসূচী গ্রহণ করতে চলেছে; এবং

(খ) সত্যি হলে, সেগুলি কীরূপ?

-----

ঝাড়খালি পর্যটন কেন্দ্রের কাজের অগ্রগতি

\*39 সমীর কুমার জানা (পাথরপ্রতিমা, দক্ষিণ ২৪ পরগণা):

পর্যটন :-

(ক) ঝাড়খালি পর্যটন কেন্দ্রকে আধুনিকমানের পর্যটন কেন্দ্র হিসাবে গড়ে তোলার যে উদ্যোগ নেওয়া হয়েছে সেই কাজের অগ্রগতি কীরূপ; এবং

(খ) উক্ত পর্যটন কেন্দ্রকে আকর্ষণীয় করতে কী কী ব্যবস্থা নেওয়া হয়েছে?

-----

রাজবংশী উন্নয়ন বোর্ডকে প্রদত্ত অর্থের পরিমাণ

\*40 সুখবিলাস বর্মা (জলপাইগুড়ি (এস সি), জলপাইগুড়ি):

অনগ্রসর শ্রেণী কল্যাণ :-

(ক) বিগত দুই আর্থিক বছরে (২০১৭-১৮ এবং ২০১৮-১৯) রাজবংশী উন্নয়ন বোর্ডকে কত টাকা দেওয়া হয়েছে; এবং

(খ) তন্মধ্যে, কত টাকা কী কী কাজের জন্য খরচ হয়েছে?

-----

চলু আই.টি.আই. কলেজের সংখ্যা

\*41 নাগিস বেগম (মেমারি, বর্ধমান):

কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ এবং দক্ষতা উন্নয়ন :-

(ক) বর্তমানে রাজ্যে মোট কয়টি আই.টি.আই. কলেজ চলু আছে;

(খ) চলতি আর্থিক বছরে কোনো আই.টি.আই. কলেজ চলুর পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(গ) উক্ত কেন্দ্রগুলি থেকে মোট কতজনের কর্মসংস্থান করা সম্ভব হয়েছে?

-----

হাতির আক্রমণে ঘর ভাঙার ক্ষতিপূরণের ব্যবস্থা

\*42 সুজিত চক্রবর্তী (বরজোড়া, বাঁকুড়া):

Forests :-

(ক) হাতির আক্রমণে ঘর ভাঙলে কি ক্ষতিপূরণের ব্যবস্থা আছে;

(খ) ১লা এপ্রিল, ২০১৮ থেকে ৩১শে মার্চ, ২০১৯ পর্যন্ত বেলিয়াতোড়, বড়জোড়া এবং গঙ্গাজলঘাটা রেঞ্জ হাতি ড্রাইভিং-এর জন্য কত টাকা খরচ হয়েছে; এবং

(গ) হাতি ড্রাইভিং-এর জন্য ছুলা পার্টিকে কী ধরনের মজুরি দেওয়ার ব্যবস্থা আছে?

-----

সুন্দরবন এলাকায় পর্যটন কেন্দ্রগুলির উন্নয়নে পদক্ষেপ

\*43 বঙ্কিম চন্দ্র হাজরা (সাগর, দক্ষিণ ২৪ পরগণা):

পর্যটন :-

৩১শে মার্চ, ২০১৯ সাপেক্ষে সুন্দরবন এলাকায় পর্যটন কেন্দ্রগুলির উন্নয়নে রাজ্য সরকার কী কী পদক্ষেপ গ্রহণ করেছে?

-----

কুচবিহারে গন্ডার আবাসস্থল নির্মাণের কাজ

\*44 নগেন্দ্র নাথ রায় (কোচবিহার উত্তর (এস সি), কোচবিহার):

**Forests :-**

(ক) কুচবিহার জেলার পাতলা-খাওয়ার “রসমতি” প্রকৃতি পর্যবেক্ষণ কেন্দ্রের গড়ার আবাসস্থল নির্মাণের কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে; এবং

(খ) কবে নাগাদ উক্ত কাজ শেষ হবে বলে আশা করা যায়?

-----

**পর্যটন কেন্দ্রের উন্নয়নে সরকারি পদক্ষেপ**

**\*45 আব্দুল খালেক মোল্লা (মেটিয়াবুরুজ, দক্ষিণ ২৪ পরগণা):**

**পর্যটন :-**

(ক) রাজ্যে পর্যটন কেন্দ্রগুলির উন্নয়নে সরকার কী কী পদক্ষেপ গ্রহণ করেছে; এবং

(খ) রাজ্যে ৩০শে এপ্রিল, ২০১৯ সাপেক্ষে চালু পর্যটন কেন্দ্রের সংখ্যা কত?

-----

**হাঁসন বিধানসভা কেন্দ্র এলাকায় পর্যটন কেন্দ্র গড়ে তোলার পরিকল্পনা**

**\*46 মিলটন রশিদ (হাঁসন, বীরভূম):**

**পর্যটন :-**

হাঁসন বিধানসভা কেন্দ্রের আকালীপুর গুহকালি মন্দিরকে কেন্দ্র করে এবং মহারাজ নন্দকুমারের স্মৃতি বিজড়িত ভদ্রপুরকে পর্যটন কেন্দ্র হিসেবে গড়ে তোলার কোনো পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি না?

-----

**সাঁইথিয়া ‘নন্দিকেশ্বরী’ সতীপীঠের উন্নয়নের পরিকল্পনা**

**\*47 নীলাবতী সাহা (সাঁইথিয়া (এস সি), বীরভূম):**

**পর্যটন :-**

(ক) বীরভূমের সাঁইথিয়া নন্দিকেশ্বরী সতীপীঠের উন্নয়নে রাজ্য সরকার কোনো পরিকল্পনা গ্রহণ করেছে কি না; এবং

(খ) করে থাকলে, উক্ত কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়?

-----

**ছাত্রছাত্রীদের সাইকেল বণ্টন**

**\*48 নর্মদা চন্দ্র রয় (কুশমন্ডি (এস সি), দক্ষিণ দিনাজপুর):**

**অনগ্রসর শ্রেণী কল্যাণ :-**

(ক) রাজ্যে তপশিলি জাতি, আদিবাসী ও অন্যান্য অনগ্রসর শ্রেণীর ছাত্র/ছাত্রীদের জন্য কেনা সাইকেল বিগত চার বছরে বিলি করা হয়েছে কি না; এবং

(খ) না হয়ে থাকলে, তার কারণ কী?

-----

‘ডাবু’তে পর্যটন কেন্দ্র গড়ে তোলার জন্য জমি হস্তান্তর

\*49 শ্যামল মন্ডল (ক্যানিং পশ্চিম (এস সি), দক্ষিণ ২৪ পরগণা):

পর্যটন :-

(ক) এটা কি সত্যি যে, ক্যানিং-১ নং ব্লকে মাতলা নদীর তীরে ডাবুতে পর্যটন কেন্দ্র গড়ে তোলার জন্য ১২ একর জমি রাজ্য সরকারের সেচ ও জলপথ বিভাগ পর্যটন বিভাগের কাছে হস্তান্তর করেছে;

(খ) সত্যি হলে, বিশদ “প্রকল্প” রিপোর্ট তৈরি হয়েছে কি; এবং

(গ) উক্ত কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়?

-----

তপশিলি ও আদিবাসীদের বন্ধ হস্টেলের সংখ্যা

\*50 অজিত রায় (সোনামুখি (এস সি), বাঁকুড়া):

অনগ্রসর শ্রেণী কল্যাণ :-

বাঁকুড়া জেলায় কতগুলি তপশিলি ও আদিবাসী হস্টেল বর্তমানে বন্ধ আছে?

-----

নতুন লাইব্রেরী তৈরির সংখ্যা

\*51 রফিকুল ইসলাম মন্ডল (বসিরহাট উত্তর, উত্তর ২৪ পরগণা):

জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা :-

২০১৬ থেকে ২০১৯ সালের ৩১শে মার্চের মধ্যে রাজ্যে কতগুলি নতুন লাইব্রেরী তৈরি হয়েছে?

-----

Kolkata:

The 27th June, 2019.

A. SOM,

Secretary, West Bengal Legislative Assembly